



সরকারি সফরে ঢাকায় এলেন ভুটানের প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

বাংলাদেশে তিন দিনব্যাপী সরকারি সফর শুরু করেছেন ভুটানের প্রধানমন্ত্রী শেরিং টোবগে। শনিবার (২২ নভেম্বর) সকাল সাড়ে আটটার দিকে ঢুকায়ের একটি বিমানে তিনি ঢাকায় আসেন। বিমানবন্দরে পৌঁছালে তাকে লাল গালিচা দিয়ে স্বাগত জানানো হয়, পাশাপাশি দেওয়া হয় গার্ড অব অনার ও ১৯ বার তোপধ্বনি। আগমনের পর ভিআইপি লাউঞ্জে স্বল্প সময়ের জন্য দুই দেশের প্রতিনিধিদের মধ্যে কথা হয়। এসময় টোবগে শুক্রবারের ভয়াবহ ভূমিকম্পে প্রাণহানি ও ক্ষয়ক্ষতির বিষয়ে খোঁজ নেন এবং শোকবার্তা জানান।

এই সফরে বাংলাদেশ ও ভুটানের মধ্যে তিনটি গুরুত্বপূর্ণ চুক্তি ও সমঝোতা স্মারক সইয়ের প্রস্তুতি চলছে।

বিমানবন্দর ছাড়ার পর ভুটানের প্রধানমন্ত্রী সাভার জাতীয় স্মৃতিসৌধে গিয়ে শহীদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ করবেন।

বিকেলে তিনি বাংলাদেশের পররাষ্ট্র ও বাণিজ্য উপদেষ্টার সঙ্গে পৃথক বৈঠকে অংশ নেবেন। পরে তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে তার একান্ত আলোচনার সময় নির্ধারিত রয়েছে।

দিন শেষে তার সম্মানে রাষ্ট্রীয় নৈশভোজের আয়োজন করা হয়েছে।